



ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

اسلامی بنک بنغلادیش لیمیٹڈ

Islami Bank Bangladesh Limited

DEVELOPMENT WING

Brand & Communication Division

০৪ অক্টোবর ২০২২

বরাবর

সম্পাদক

দৈনিক আমাদের সময়

বিষয় : ২ অক্টোবর ২০২২ তারিখে প্রকাশিত ‘আইন ভেঙে নাবিল গ্রুপকে ৬৩৭০ কোটি টাকা ঋণ’ শীর্ষক সংবাদের প্রেক্ষিতে আমাদের বক্তব্য।

জনাব,

আসসালামু আলাইকুম।

আপনার বহুল প্রচারিত দৈনিক আমাদের সময় পত্রিকায় ২ অক্টোবর ২০২২ তারিখে প্রকাশিত ‘আইন ভেঙে নাবিল গ্রুপকে ৬৩৭০ কোটি টাকা ঋণ’ শীর্ষক সংবাদের প্রতি দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদের ব্যাপারে ব্যাংকের বক্তব্য নিম্নে উল্লেখ করা হলো।

“নাবিল গ্রুপকে দেয়া ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর বিনিয়োগের বিষয়ে যে তথ্য প্রকাশিত হয়েছে তা যথাযথভাবে উপস্থাপিত হয়নি। ১৮ বছর ধরে সুনামের সাথে ব্যবসা পরিচালনা করে নাবিল গ্রুপ বর্তমানে ১৫টি প্রতিষ্ঠানের বৃহৎ শিল্প গ্রুপে পরিণত হয়েছে। বাংলাদেশের কৃষি-শিল্প ও ভোগ্যপণ্য উৎপাদনে এ গ্রুপ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এছাড়া চাল, ডাল, গম, চিনি ও ভোজ্যতেলের অন্যতম বৃহৎ সরবরাহকারী হিসেবে কাজ করছে এ প্রতিষ্ঠান। এ গ্রুপের মাধ্যমে প্রায় ১৫ হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

ইসলামী ব্যাংকের সাথে এ গ্রুপের ২০০৫ সাল থেকে ব্যবসায়িক সুসম্পর্ক রয়েছে। এখন পর্যন্ত এ গ্রুপের বিনিয়োগ কখনও ওভারডিউ বা খেলাপি হয়নি। ইসলামী ব্যাংক গ্রাহকের ব্যবসায়িক স্থাপনা, চলতি মূলধনের প্রয়োজনীয়তা, ব্যবসায়িক দক্ষতা ও অভিজ্ঞতা এবং সরবরাহ ব্যবস্থাপনাসহ ব্যাংকের অন্যান্য বিনিয়োগ নীতিমালা ও নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা অনুসরণ করেই বিনিয়োগ প্রদান করেছে।

সম্প্রতি আমদানি বৃদ্ধি, ডলারের রেট বেড়ে যাওয়া এবং নাবিল গ্রুপের ব্যবসা সম্প্রসারিত হওয়ায় যথাযথ মূল্যায়ন করে পর্যাপ্ত জামানত গ্রহণ ও ব্যাংকের নিয়মচার মেনেই তাদের বিনিয়োগ সীমা বৃদ্ধি করা হয়েছে। এ বিনিয়োগকৃত অর্থ তাদের ব্যবসায়িক কর্মকাণ্ডেই ব্যবহৃত হচ্ছে।”

বক্তব্যটি প্রকাশ করার জন্য অনুরোধ করছি।

(নজরুল ইসলাম)

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

Head Office: Islami Bank Tower, 40 Dilkusha Commercial Area, Dhaka-1000, Bangladesh.

Phone: (02)9558997, PABX-(02) 9563040 Ext- 140, 308, 136, 265, 276, 277, E-mail: prd@islamibankbd.com, Website: www.islamibankbd.com, SWIFT: IBBLBDDH